

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-৩০

তারিখ: ০৪/০২/২০২৪ খ্রি:


বিষয়: উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার 'যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি'র এক সভা আগামী ০৫/০২/২০২৩ খ্রি: তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক: ০১। চেয়ারম্যান ১নং ইউপি, ২নং ইউপি ও ৪নং ইউপি।

০২। মহিলা সদস্য (সংরক্ষিত), ৩নং ওয়ার্ড ৫নং পলাশবাড়ী ইউপি।



(মোছা: নাসরিন জাহান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-৩০

তারিখ: ০৪/০২/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ✓ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
- ৪। অফিস নথি।


(মোছা: নাসরিন জাহান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর

দিনাজপুর জেলাধীন বিরল উপজেলা পরিষদের ফেব্রুয়ারী ২০২৪ খ্রি: মাসের যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মাহামুদুল হাসান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

তারিখ: ০৫/০২/২০২৪ খ্রি:।

সময়: সকাল ১১.০০ ঘটিকা।

আলোচ্য সূচীঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। যুব প্রশিক্ষণ ও যুবঋণ
- ৩। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন সম্পর্কে আলোচনা।
- ৪। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সদস্য সচিব গত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করলে সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

যুব প্রশিক্ষণ: সভায় সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব খাতের আওতায় ১৪ টি ব্যাচের মধ্যে ১০টি ব্যাচে ৩০০ জন যুব ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনি প্রশিক্ষণ কোর্সসমূহ সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে সহযোগিতা করার জন্য সভাপতিসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।

শেখ হাসিনা ভলান্টিয়ার ইয়ুথ অ্যাওয়ার্ড ও বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনকে কল্যাণ অনুদান: সদস্য সচিব জানান, শেখ হাসিনা ভলান্টিয়ার ইয়ুথ অ্যাওয়ার্ডের জন্য ০১ জন সফল আত্মকর্মীর আবেদনপত্র সংশ্লিষ্ট কমিটি কর্তৃক যাচাই-বাছাই অল্পে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে। এছাড়া বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনকে কল্যাণ অনুদান প্রদানের জন্য অনলাইনে আবেদনকৃত দু'টি সংগঠনের আবেদন জেলা কমিটির নিকট প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এর ড্যাশবোর্ডে প্রক্রিয়াধীন আছে।

যুবঋণ: সভায় সদস্য সচিব বলেন, ২০২৩-২৪ অর্থবছরে আত্মকর্মসংস্থান ও পরিবারভিত্তিক কর্মসূচীসহ ৯০ জন যুব ও যুবমহিলাকে ৩২,৮০,০০০/- টাকা যুবঋণ বিতরণের নির্ধারিত লক্ষমাত্রার মধ্যে এপর্যন্ত ৮১ জন যুব ও যুবনারীর মধ্যে ২৪,১০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। তিনি ঋণ বিতরণ কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সভাপতিসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।

সদস্য সচিব জানান যে, আসছে ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপজেলা প্রশাসনের সাথে উদযাপনের এবং এবিষয়ে উপজেলা প্রশাসনকে সর্বোত্তমভাবে সহযোগিতার জন্য দাপ্তরিক নির্দেশনা রয়েছে। এবিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর আলোচ্য বিষয় অনুসারে সভায় যেসব আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত:

- ০১। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের অবশিষ্ট ব্যাচের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত।
- ০২। প্রতিটি ইউনিয়নে প্রশিক্ষণসেবা প্রদানের সিদ্ধান্ত।
- ০৩। ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপজেলা প্রশাসনের সাথে উদযাপনের এবং এবিষয়ে উপজেলা প্রশাসনকে সর্বোত্তমভাবে সহযোগিতার সিদ্ধান্ত।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

(মোঃ মাহামুদুল হাসান)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর ও

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

বিরল, দিনাজপুর

পাতা-২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-৩২

তারিখ: ০৫/০২/২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
- ৪। অফিস নথি।


০৫/০২/২০২৪

(মোছা: নাসরিন জাহান)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর